

ধান গবেষণা সম্মাচার

BRI
NEWSLETTER



তেত্রিশ বর্ষ

সংখ্যা ৪

কার্তিক-পৌষ ১৪৩০

October-December 2023

ব্রিতে মহান বিজয় দিবস পালন

নানা কর্মসূচীর মধ্যদিয়ে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) শনিবার (১৬ ডিসেম্বর ২০২৩) মহান বিজয় দিবস উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উপলক্ষে ভোরে ইনস্টিটিউটের গাজীপুর সদর দপ্তরে প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর। পরে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে ব্রির মাননীয় মহাপরিচালক প্রধান



অতিথি হিসাবে বক্তব্য রাখেন। এরপর মুক্তিযুদ্ধে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত ও মিষ্টি বিতরণ করা হয়। পরে ব্রির মাঠে মহান বিজয় দিবস উপলক্ষে বহিরাঙ্গন ক্রীড়া প্রতিযোগিতা উদ্বোধন করেন ব্রির মাননীয় মহাপরিচালক। পরে ব্রির অবসরপ্রাপ্ত ও কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করা হয়। এসব কর্মসূচীতে ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো: আব্দুল লতিফ, বাকী অংশ পৃষ্ঠা ৪

BRI Observes Victory Day

BRI observed Victory Day in a befitting manner in Gazipur on 16 December last with national flag hoisting, discussion meeting, colourful rallies, daylong sports and cultural programmes. BRI Director General Dr Md Shahjahan Kabir, BRI Director (Research) Mohammad K h a l e k u z z a m a n , Director (Administration and Common Service) Dr Md Abdul Latif took the lead in these

activities. Hundreds of people including all the Division Heads, Senior Scientist and officials of the institute as well as the school going students spontaneously took part in these programmes.

Besides, special prayers were offered at BRI Jame Mosque and other places of worship, seeking eternal peace of the departed souls of the martyrs of the Liberation War and peace, See page 4

ব্রির ৫৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপিত

নানা আয়োজনের মধ্যদিয়ে রবিবার (১ অক্টোবর ২০২৩) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর ৫৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদ্‌যাপিত হয়েছে। গাজীপুরে ব্রি সদর দপ্তরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন এবং বেলুন উড়িয়ে প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানমালা উদ্বোধন করেন প্রধান অতিথি ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর। পরে একটি বর্ণাঢ্য র্যালি ব্রি সদর দপ্তরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে প্রশাসন ভবনের সামনে এসে শেষ হয়। পরে ব্রি মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথির বক্তব্যে মাননীয় বাকী অংশ পৃষ্ঠা ৪



BRI Director General Dr Md Shahjahan Kabir, along with other guests, cuts a cake at BRI Headquarters in Gazipur marking the 53rd founding anniversary of BRI on 1 October 2023.

BRI Celebrates 53rd Anniversary

The 53rd founding anniversary of Bangladesh Rice Research Institute was celebrated on Sunday Through various events.

BRI Director General Kabir inaugurated the anniversary ceremony by placing a wreath at the portrait of Bangladesh's founding president Sheikh Mujibur Rahman and releasing balloons at BRI headquarters in Gazipur.

Later, a colourful procession marched the roads of the See page 4

ব্রিতে নবান্ন উৎসব ১৪৩০ উদযাপন

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) বৃহস্পতিবার (০১ অগ্রহায়ণ ১৪৩০) নবান্ন উৎসব উদযাপিত হয়েছে। এ উপলক্ষে সকালে ব্রির প্রশাসনিক ভবনের সামনে থেকে একটি র্যালি বের হয়ে ব্রির সদর দপ্তরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এর আগে এক সংক্ষিপ্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পরিচালক



(গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান। সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ব্রির মহাপরিচালক মহোদয়ের সহধর্মিণী ও ব্রি মহিলা সমিতির সভানেত্রী মুনীরা জাম্মাত। অন্যায়ের মধ্যে বক্তব্য রাখেন ব্রির উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্সুজান খানম, ব্রি বিজ্ঞানী সমিতির সভাপতি ড. আমিনা খাতুন, ফলিত গবেষণা বিভাগের সিএসও এবং প্রধান ড. মো. ছমায়ুন কবীর, খামার ব্যবস্থাপনা বিভাগের সিএসও এবং প্রধান মো. সিরাজুল ইসলাম, ব্রি কর্মকর্তা সমিতির সভাপতি মো. রাশেল রানা, কর্মচারী ক্লাবের সভাপতি মো. আমিনুজ্জামান রিটন, শ্রমিক ক্লাবের সাধারণ সম্পাদক মো. মামুন হোসেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) কাওছার আহমদ।

র্যালি শেষে অতিথিবৃন্দ মাঠে ধান কাটার উৎসবে অংশগ্রহণ করেন। পরে নবান্ন উৎসব উপলক্ষে ব্রির সকল বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের মাঝে পিঠা ও পায়েস বিতরণ করা হয়।

BRRRI celebrates Nobanna Utsab 1430

Nobanna Utsab (festival of new harvest or celebrated at BRRRI Headquarters in Gazipur on 1 Agrohayon 1430. BRRRI Director General Dr Md Shahjahan Kabir, BRRRI Director (Research) Mohammad K h a l e k u z z a m a n , Director (Administration and Common Service) Dr Md Abdul Latif, Heads of

different research divisions and sections took the lead in these activities while hundreds of peoples including senior scientists, officials, employees and labourers took part. The daylong programme included colourful rallies, cutting of rice crop in the field, releasing ballons, discussion meeting, distribution of cakes and payes (local desert) made by newly harvested rice.

Nobanna is a very important festival in our national life. By this we try to renew our relationship with our roots at the beginning of harvest times in the Bangla month of Agrahayon.

কানাডিয়ান প্রতিনিধি দলের ব্রি পরিদর্শন

বাংলাদেশে নিযুক্ত কানাডার ভারপ্রাপ্ত হাই কমিশনার ডেবরা বয়সি (উবনংধ ইডুপব) এর নেতৃত্বে কানাডার সাসকাচুয়ান বিশ্ববিদ্যালয়ের গ্লোবাল ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (এওফব) এর একটি প্রতিনিধিদল রবিবার (২২ অক্টোবর ২০২৩) গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সদর দপ্তর পরিদর্শন করেন। ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর প্রতিনিধিদলটিকে স্বাগত জানান। পরে প্রতিনিধিদলটি ব্রির জ্যেষ্ঠ বিজ্ঞানী ও কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় মিলিত হন।

ব্রির প্রশিক্ষণ ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায়



BRRRI Director General Dr. Md. Shahjahan Kabir greets Ms. Debra Boyce with a flower bouquet.

সভাপতিত্ব করেন ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। সভায় ব্রির অর্জন ও অগ্রগতি সম্পর্কে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন উদ্ভিদ প্রজনন বিভাগের সিএসও এবং প্রধান ড. খান্দাকার মো: ইফতেখারুদ্দৌলা। ধন্যবাদ জ্ঞাপন করেন পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান। সভায় ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ, উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্সুজান খানম, সফররত প্রতিনিধি দলের সদস্য কানাডা হাই কমিশনের ট্রেড কমিশনার কামালুদ্দিন আহমেদ, জিআইএফএস এর বাংলাদেশ প্রতিনিধি ড. শ্রীকান্ত আত্তালুরি, সাসকাচুয়ান বিশ্ববিদ্যালয়ের প্রোগ্রামার হাসান পারভেজ আহমেদসহ ব্রির সকল বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভা শেষে সফররত প্রতিনিধি দলটি ব্রির কেন্দ্রীয় গবেষণাগার, জিন ব্যাংক পরিদর্শন করেন।

Canadian Team Visits BRRRI

A delegation of Global Institute for Food Security (GIFS) at the University of Saskatchewan from Canada headed by acting High Commissioner of Canada in Dhaka, Bangladesh Ms. Debra Boyce visited Bangladesh Rice Research Institute (BRRRI) Headquarters on 22 October 2023 in Gazipur. BRRRI Director General Dr. Md. Shahjahan Kabir offered a cordial welcome to the delegation team at the Institute and briefed about its main features. He

also discussed ways and means to collaboration between BRRRI and GIFS in an opinion exchange meeting held on the occasion. Head of the Plant Breeding Division Dr. Khandakar Md. Iftekharuddaula delivered a presentation focusing on the major achievement and progress of the meeting.

BRRRI Director General Dr. Md. Shahjahan Kabir presided over the opinion exchange meeting organized on the occasion while BRRRI Director (Administration and Common Service) Dr. Md. Abdul Latif, Coordinator for Advanced Studies and Research (CASR) Dr. Munnujan Khanam, Mr Kamaluddin Ahmed, *See page 4*

ব্রি হোল ফিড কম্বাইন হারভেস্টার ও ব্রি হেড ফিড কম্বাইন হারভেস্টার এর প্রায়োগিক মাঠ পরীক্ষণ অনুষ্ঠিত

ব্রি হোল ফিড কম্বাইন হারভেস্টার ও ব্রি হেড ফিড কম্বাইন হারভেস্টার এর প্রায়োগিক মাঠ পরীক্ষণ অনুষ্ঠানে ব্রি উদ্ভাবিত কৃষিযন্ত্রের ভূয়সী প্রশংসা করেন মাননীয় কৃষি সচিব ওয়াহিদা আক্তার। মঙ্গলবার (২১ নভেম্বর ২০২৩) সকালে গাজীপুরে ব্রি সদর দপ্তরের পশ্চিম বাইদে গবেষণা পুটে কৃষিযন্ত্র পরীক্ষণ পর্যবেক্ষণ করে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি দেশীয় উপযোগী এবং অত্যাধুনিক কৃষিযন্ত্র উদ্ভাবনের জন্য ব্রিকে ধন্যবাদ জানান। পরে মাননীয় কৃষি সচিব ব্রি মিলনায়তনে 'দেশীয় উপযোগী ব্রি কৃষিযন্ত্র উদ্ভাবন, উন্নয়ন, প্রস্তুতকরণ ও বাজারজাতকরণ' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথি হিসাবে যোগ দেন। 'যাত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ (এসএফএমআরএ)' প্রকল্পের আয়োজনে অনুষ্ঠিত কর্মশালায় সভাপতিত্ব করেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। কর্মশালায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের চেয়ারম্যান আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি, কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিচালনা অনুবিভাগ) মো. মাহবুবুল হক পাটওয়ারী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বাদল চন্দ্র বিশ্বাস, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবশীষ সরকার, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মিজা মোফাজ্জল ইসলাম, কৃষি মন্ত্রণালয়ের যুগ্মসচিব (গবেষণা অনুবিভাগ) রেহানা ইয়াছমিন। স্বাগত বক্তব্য রাখেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেদুজ্জামান। ধন্যবাদ জ্ঞাপন করেন পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ। মূল প্রবন্ধ



কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন মাননীয় কৃষি সচিব ওয়াহিদা আক্তার।

উপস্থাপন করেন এসএফএমআরএ প্রকল্পের প্রকল্প পরিচালক ড. একেএম সাইফুল ইসলাম। কর্মশালায় মাননীয় কৃষি সচিব ওয়াহিদা আক্তার বলেন, কৃষকের হাতে কৃষকের চাহিদা মতো যন্ত্র তুলে দিতে হবে। এজন্য কৃষি যন্ত্রপাতি গবেষণায় বিশেষ গুরুত্ব দিতে হবে। কৃষিযন্ত্র উদ্ভাবনে ব্রির অর্জনের জন্য তিনি সংশ্লিষ্টদের ধন্যবাদ দেন। মাননীয় সচিব সংশ্লিষ্টদের উৎসাহিত করে প্রয়োজনীয় সকল প্রকার সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। অঞ্চল ভিত্তিক কৃষি যন্ত্রপাতি গবেষণার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, টেকসই কৃষির জন্য কৃষি অর্থনীতি এবং কৃষি যন্ত্রপাতির উপর আমাদের অবশ্যই বিশেষ গুরুত্ব দিতে হবে। নবাগত বিজ্ঞানীদের উদ্দেশ্যে তিনি বলেন, গবেষণা হচ্ছে মহান পেশা। ধৈর্য নিয়ে একাত্মতার সাথে কাজ করলে এই পেশায় সফলতা আসবেই। কর্মশালায় সভাপতির বক্তব্যে ড. মো. শাহজাহান কবীর বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়তে আমরা কাজ করছি। স্মার্ট বাংলাদেশ গড়তে স্মার্ট কৃষিই হবে অন্যতম হাতিয়ার। যে স্বপ্ন নিয়ে ব্রি যাত্রা শুরু করেছিল তা আজ সফলতার দ্বারপ্রান্তে। যখন কৃষকের মাঠে এ যন্ত্রপাতি সফলভাবে চলবে তখনই আসবে পরিপূর্ণ সফলতা। এই অর্জন শুধু ব্রির একার নয়, এই অর্জন কৃষি মন্ত্রণালয়ের তথা দেশের অর্জন। তিনি কৃষিযন্ত্র উদ্ভাবনের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। কর্মশালায় উপস্থিত ছিলেন ব্রির উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্সজান খানমসহ সকল বিভাগীয় ও শাখা প্রধানগণ, বিভিন্ন দপ্তর সংস্থার প্রতিনিধিবৃন্দ এবং ব্রি সদর দপ্তরের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ অংশ নেন।

নেপাল প্রতিনিধি দলের ব্রি পরিদর্শন

নেপালের কৃষি সম্পর্কিত সংসদীয় কমিটির একটি প্রতিনিধিদল বৃহস্পতিবার (০৫ অক্টোবর ২০২৩) গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সদর দপ্তর পরিদর্শন করেন। কৃষি সম্পর্কিত সংসদীয় কমিটির চেয়ারপার্সন ড. আরজু রানা দেউবা এর নেতৃত্বে প্রতিনিধিদলটি সকালে ব্রিতে পৌঁছে ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর এর সঙ্গে সাক্ষাৎ করেন। পরে প্রতিনিধি দলটি ব্রির জ্যেষ্ঠ বিজ্ঞানীদের সঙ্গে এক মতবিনিময় সভায় মিলিত হন। এছাড়াও প্রতিনিধিদলটি ব্রির সেন্ট্রাল ল্যাব, জিন ব্যাংক, রাইস মিউজিয়াম এবং গবেষণা মাঠ পরিদর্শন করেন।

ব্রির প্রশিক্ষণ ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। সভার শুরুতেই ব্রির অর্জন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যাদি উপস্থাপন করেন মাননীয় মহাপরিচালক। সভায় ড. আরজু রানা দেউবা ব্রির অর্জন ও অগ্রগতির ভূয়সী প্রশংসা করেন এবং কৃষি উন্নয়নে পারস্পরিক সহযোগিতার উপর গুরুত্বারোপ করেন। সভায় ড. শাহজাহান কবীর জানান, প্রতিষ্ঠার পর থেকে ব্রি আটটি হাইব্রিডসহ ১১৩টি উচ্চ ফলনশীল ধানের জাত উদ্ভাবন করেছে। এর মধ্যে লবণাক্ত সহনশীল,



বৃহস্পতিবার ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর এর সঙ্গে কৃষিখাতের উন্নয়নে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন নেপালের কৃষি সম্পর্কিত সংসদীয় প্রতিনিধিদলের প্রধান ড. আরজু রানা দেউবা

Nepal team visits BTRI

A delegation of Nepal headed by Dr Arju Rana Dewba chairperson of parliamentary committee on agriculture visited BTRI Headquarters on 5 October 2023. BTRI Director General Dr Md Shahjahan Kabir presided over the opinion exchange meetin organized on the occasion will BTRI Director (Research) Mohammad Khalekuzzaman, Director (Administration and Common Service) Dr Md Abdul Latif, Heads of BTRI Research divisions and sections were present

Dr Md Shahjahan Kabir offered a hearty welcome to the team at the institute and briefed the team members about the institute focusing on its main features

including its success in development of high yielding rice varieties and other appropriate technologies as well as their impact on the national economy. The Nepal team was impressed after being informed about BTRI's success and achievements.

বিজয় দিবস পালন

উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্সুজান খানম, মহান বিজয় দিবস উদযাপন কমিটির সদস্য সচিব ড. আমিনা খাতুনসহ বিভাগীয় ও শাখা প্রধানগণ, ব্রিতে ক্রিয়াশীল বিভিন্ন সংগঠন এর প্রতিনিধি, সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক এবং বি আর আর আই উচ্চ বিদ্যালয়, ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

দিবসটি উপলক্ষে বাদ আসর ব্রির জামে মসজিদে দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে (মন্দির, গীর্জা ও প্যাগোডা) প্রার্থনার আয়োজন করা হয়। বিকালে ব্রির প্রধান কার্যালয়ের সামনে মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। পরে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

এদিকে মহান বিজয় দিবস উপলক্ষে ব্রির সদর দপ্তরের গুরুত্বপূর্ণ ভবন ও সড়কগুলোতে তিন দিন ব্যাপী আলোকসজ্জা করা হয়েছে। এছাড়া ব্রির অফিস এলাকার সড়কদ্বীপে রঙ বেরঙের পতাকা দিয়ে সাজানো হয়েছে।

প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপিত

মহাপরিচালক ব্রির প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে সকলকে অভিনন্দন ও শুভেচ্ছা জানান। আলোচনাসভা শেষে বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়। মোনাজাত পরিচালনা করেন ব্রি কেন্দ্রীয় জামে মসজিদের খতিব মাওলান আব্দুল্লাহ গালিব। এরপর মিলনায়তনের সামনের প্রাঙ্গণে প্রতিষ্ঠা বার্ষিকীর কেক কাটেন ব্রির মাননীয় মহাপরিচালক।

সিনিয়র লিয়াজো অফিসার আব্দুল মোমিনের সঞ্চালনায় আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান এবং উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্সুজান খানম। সভাপতিত্ব করেন পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো: আব্দুল লতিফ। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ব্রি বিজ্ঞানী সমিতির সভাপতি ড. আমিনা খাতুন, ফলিত গবেষণা বিভাগের সিএসও এবং প্রধান ড. মো. হুমায়ুন কবীর, খামার ব্যবস্থাপনা বিভাগের সিএসও এবং প্রধান মো: সিরাজুল ইসলাম, ব্রি কর্মকর্তা কল্যাণ সমিতির সভাপতি মো: রাশেল রানা, উপ-পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) এমরান হোসেন, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন ব্রি শাখার সাধারণ সম্পাদক মো: শরিফুল ইসলাম, ব্রি কর্মচারী কল্যাণ সমিতির সভাপতি মো. আবুল কাশেম, বাংলাদেশ কৃষি ফার্ম শ্রমিক ফেডারেশনের সভাপতি মো. আব্দুল মজিদ, ব্রি শ্রমিক ক্লাবের সাধারণ সম্পাদক মো. মামুন হোসেন।

প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে নানা কর্মসূচীতে ব্রির পরিচালক (গবেষণা), পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা), উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারীসহ বিভাগীয় ও শাখা প্রধানগণ, ব্রিতে ক্রিয়াশীল বিভিন্ন সংগঠন এর প্রতিনিধিবৃন্দ, সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকগণ উপস্থিত ছিলেন।

১৯৭০ সালের ০১ অক্টোবর বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর এ পর্যন্ত আটটি হাইব্রিডসহ ১১৩টি উচ্চ ফলনশীল জাত উদ্ভাবন করেছে প্রতিষ্ঠানটি। এছাড়া আধুনিক ধান চাষের জন্য মাটি, পানি ও সার ব্যবস্থাপনার ক্ষেত্রে ৫০টির বেশি উন্নত প্রযুক্তি উদ্ভাবন, ৫১টি লাভজনক ধানভিত্তিক শস্যক্রম উদ্ভাবন ও ৩৪টি কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়ন করেছে প্রতিষ্ঠানটি।

ব্রিতে ব্রিডার বীজ বিতরণ উদ্বোধন

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) বোরো ২০২৩-২৪ মওসুমের ব্রিডার বীজ বিতরণ কার্যক্রমের উদ্বোধন হয়েছে রবিবার (০৫ নভেম্বর ২০২৩)। এ উপলক্ষে ব্রির কৌলিসম্পদ ও বীজ বিভাগ আয়োজিত অনুষ্ঠানে পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান এবং পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বীজ বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৌলিসম্পদ ও বীজ বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. পার্থ সারথী বিশ্বাস। এ সময় কৌলিসম্পদ ও বীজ বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মীর শরফ উদ্দিন আহমেদসহ বিভাগের বিজ্ঞানীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালন করেন উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. ইবনে সৈয়দ মো. হারুনুর রশিদ। বীজ বিতরণ কার্যক্রম চলবে ৯ নভেম্বর ২০২৩ পর্যন্ত। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) সহ মোট ৬৫২ জন সিড ডিলারের মাঝে ১৯৩ টন ব্রিডার বীজ বিতরণ করা হবে। এর মধ্যে বিএডিসিকে দেয়া হয়েছে ৪১ টন। এসব বীজ থেকে তারা আসন্ন বোরো মওসুমে ভিত্তি বীজ উৎপাদন করবে।

ক্যাপশন: উদ্বোধনী অনুষ্ঠানে বীজ বিতরণ করছেন পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান এবং পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ।

Victory Day

progress and prosperity of the country.

Similar programmes were taken at Regional Stations levels as well as BRRI satellite stations.

Canadian Team Visits BRRI

Trade Commissioner, High Commission of Canada, Dr. Sreekanth Attaluri, GIFS Representative for Bangladesh, Hasan Parvez Ahmed Programmer of Saskatchewan University, Heads of BRRI research divisions and Sections were present. Director (Research) Dr. Mohammad Khalequzzaman offered the vote of thanks on the occasion.

53rd Anniversary

headquarters and ended in front of the administration building. Later, a discussion was held in BRRI auditorium.

A special prayer was held at the end of the discussion. Maulana Abdullah Ghalib, khatib of BRRI central Jame Masjid, led the prayer. Then the director general cut the foundation anniversary cake in the forecourt of the auditorium.

BRRI director (research) Mohammad Khalequzzaman and higher education and research coordinator Munnujan Khanam spoke as special guests in the discussion moderated by senior liaison officer Abdul Momin. Director (Administration and common service) Md Abdul Latif presided over the programme.

নেপাল প্রতিনিধি দলের ব্রি পরিদর্শন

জলমগ্নতা সহনশীল, খরা সহনশীল, লো-জিআই সম্পন্ন, প্রিমিয়ার কোয়ালিটি, জিংক সমৃদ্ধ, ব্যাকটেরিয়াল রাইট প্রতিরোধী, উচ্চ প্রোটিন সমৃদ্ধ জাতসহ বিভিন্ন ধরণের জাত রয়েছে।

সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন নেপালের কৃষি সম্পর্কিত সংসদীয় কমিটির সদস্যবৃন্দ, ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্সুজান খানম, নেপালের রাষ্ট্রদূত ঘন শ্যাম ভাদারী, সার্ক কৃষি কেন্দ্রের উর্ধ্বতন কর্মসূচী বিশেষজ্ঞ ড. গঙ্গা দত্ত, আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউটের ড. মো. সিরাজুল ইসলাম এবং ব্রির বিভাগীয় প্রধানগণ। পরে সফরকারী প্রতিনিধিদলের সদস্যদের হাতে ক্রেস্ট এবং উপহার সামগ্রী তুলে দেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর।



ব্রিতে “রাইস রেটুনিং (Rice Ratooning- মুড়ি ধান)” শীর্ষক প্রকল্পের কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) বোরো ২০২৩-২৪ মওসুমের ব্রিডার বীজ বিতরণ কার্যক্রমের উদ্বোধন হয়েছে রবিবার (০৫ নভেম্বর ২০২৩)। এ উপলক্ষে ব্রির কৌলিসম্পদ ও বীজ বিভাগ আয়োজিত অনুষ্ঠানে পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেদুজ্জামান এবং পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বীজ বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৌলিসম্পদ ও বীজ বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. পার্থ সারথী বিশ্বাস। এ সময় কৌলিসম্পদ ও বীজ বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মীর শরফ উদ্দিন আহমেদসহ বিভাগের বিজ্ঞানীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সম্বলন করেন উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. ইবনে সৈয়দ মো. হারুনুর রশিদ।

বীজ বিতরণ কার্যক্রম চলবে ৯ নভেম্বর ২০২৩ পর্যন্ত। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) সহ মোট ৬৫২ জন সিড ডিলারের মাঝে ১৯৩ টন ব্রিডার বীজ বিতরণ করা হবে। এর মধ্যে বিএডিসিকে দেয়া হয়েছে ৪১ টন। এসব বীজ থেকে তারা আসন্ন বোরো মওসুমে ভিত্তি বীজ উৎপাদন করবে।



এফএও (FAO) প্রতিনিধিদলের ব্রি পরিদর্শন

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) এর একটি প্রতিনিধি দল শুরুবার (০৮ ডিসেম্বর ২০২৩) গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সদর দপ্তর পরিদর্শন করেন। এ সময় প্রতিনিধিদলটি ব্রির জ্যেষ্ঠ বিজ্ঞানী ও কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় মিলিত হন। ব্রির প্রশিক্ষণ ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। এর আগে এফএও এর পরামর্শক সোনম



তোবগে (গং. ঝড়হধস এঃডঃনমধু) এর নেতৃত্বে প্রতিনিধি দলটি ব্রি সদর দপ্তরে পৌঁছলে তাদের স্বাগত জানান ব্রির মাননীয় মহাপরিচালক। মতবিনিময় সভায় ব্রির অর্জন ও অগ্রগতি সম্পর্কে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন উদ্ভিদ প্রজনন বিভাগের সিএসও এবং প্রধান ড. খোন্দকার মো: ইফতেখারুদ্দৌলা।

খন্যবাদ জ্ঞাপন করেন পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেদুজ্জামান। সভায় ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ, উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুনুজান খানম, সফররত প্রতিনিধি দলের সদস্যবৃন্দ, ব্রির সকল বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন। সভায় বক্তারা খাদ্য উৎপাদনে বিভিন্ন পর্যায়ের ক্ষতি ও অপচয় রোধে নানা পরামর্শ তুলে ধরেন। সভা শেষে ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর সফররত

প্রতিনিধিদলের সদস্যবৃন্দের হাতে স্মারক উপহার তুলে দেন। মতবিনিময় সভা শেষে সফররত প্রতিনিধি দলটি ব্রির কেন্দ্রিয় গবেষণাগার, রাইস মিউজিয়াম, জিন ব্যাংক পরিদর্শন করেন।

স্মার্ট বাংলাদেশ পুরস্কার ২০২৩ অর্জন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৮ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দে শেখ রাসেল দিবসে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) কারিগরি-সরকারি ক্যাটাগরিতে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ দল হিসেবে ‘রাইস সল্যুশন’ (সেঙ্গর-ভিত্তিক ধানের বালাই ব্যবস্থাপনা) মোবাইল অ্যাপস এর দুই জন উদ্ভাবককে ‘স্মার্ট বাংলাদেশ পুরস্কার-২০২৩’ প্রদান করেন। উল্লেখ্য, ব্রি উদ্ভাবিত ধানের ক্ষেত থেকেই আক্রান্ত ধান গাছের ছবি অ্যাপসে প্রেরণের



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত থেকে ‘স্মার্ট বাংলাদেশ পুরস্কার ২০২৩’ গ্রহণ করছেন ব্রির প্রোগ্রামার জনাব মাহফুজ বিন ওয়াহাব

মাধ্যমে রোগবালাই চিহ্নিতকরণের লক্ষ্যে এআই প্রযুক্তিভিত্তিক ‘রাইস সল্যুশন’ মোবাইল অ্যাপসটি এ পুরস্কার অর্জন করে। মোবাইল অ্যাপসটির দুইজন উদ্ভাবক ড. মো. ইসমাইল হোসেন, সিএসও ও প্রধান, কৃষি পরিসংখ্যান বিভাগ ও মো. মাহফুজ বিন ওয়াহাব, প্রোগ্রামার, আইসিটি সেল। মাননীয় প্রধানমন্ত্রীর হাত থেকে পুরস্কার

গ্রহণ করেন জনাব মো. মাহফুজ বিন ওয়াহাব। প্রতি বছর পোকা ও রোগের আক্রমণে যথাক্রমে ৬-১৮% ও ৯.৯% ফসলের ক্ষতি হয়। ফলে উক্ত অ্যাপসে রোগবালাই ও পোকামাকড় সংক্রান্ত যেকোন সমস্যার ছবি বা তথ্য ইনপুট হিসেবে প্রদান করা হলে স্বয়ংক্রিয়ভাবে প্রেরিত ছবির রোগ বা পোকামাকড়ের সমস্যা নির্ণয়পূর্বক সঠিকতার হার নির্ধারণ করে ব্যবস্থাপনামূলক পরামর্শ প্রদান করছে। কৃষক পর্যায়ে অ্যাপসটির মাধ্যমে সেবা প্রাপ্তিতে সময়, খরচ ও

যাতায়াত সাশ্রয়সহ মাঠের সমস্যা মাঠেই সমাধান হচ্ছে। মূলত ৪র্থ শিল্প বিপ্লবের অন্যতম প্রযুক্তি কৃত্রিম বুদ্ধিমত্তা, মেশিন লার্নিং ও সেঙ্গর প্রযুক্তি ব্যবহার করে অ্যাপসটি তৈরি করা হয়েছে। অ্যাপসটি পরিপূর্ণভাবে ব্যবহারের ফলে ১৫-১৮% ফলন হ্রাস কমানো সম্ভব হবে, যা দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

Photographs of the programme organized on the occasion of the Victory Day



Photographs of the programme organized on the occasion of the Founding Anniversary





উপদেষ্টামণ্ডলী

ড. মো. শাহজাহান কবীর
ড. মোহাম্মদ খালেদুজ্জামান
ড. মো. আব্দুল লতিফ

সম্পাদনায়

মো. রাশেল রানা
রকিব আহমেদ

সহযোগিতায়

সকল বিভাগীয় প্রধান ও
সংশ্লিষ্ট বিজ্ঞানীগণ

ছবি

মো. মাসুম রানা

গ্রাফিক্স ডিজাইন

রিয়াজুল ইসলাম রানা

মুদ্রণ

অক্ষর প্রিন্টিং প্রেস
গাজীপুর

কপি সংখ্যা: ২,০০০

প্রকাশনা নম্বর: ৩৯১

প্রকাশকাল: ডিসেম্বর ২০২৩

SEMINAR held in BRRI during October 2023 to December 2023

Speaker	Topic	Date
Sadia Afrin Shupta SO, Plant Physiology Division, BRRI	Suppression of <i>Ralstonia solanacearum</i> Causing Bacterial Wilt of Brinjal By Arbuscular Mycorrhizal Fungi.	26 Oct
Dr. Md. Abu Bakar Siddique Sarker PSO, Agronomy Division, BRRI	A way towards yield maximization: Some results and experiences.	02 Nov
Dr. Jannatul Ferdous SSO, Biotechnology Division, BRRI	Implementation of Bioinformatics in Agricultural Research.	09 Nov
Dr. Md. Chhiddiqur Rahman SSO, Agricultural Economics Division, BRRI	Tracking Varietal Authentication of Rice Brands in Bangladesh: Analyzing the Path from Farm to Market	16 Nov
Dr. Muhammad Ashik Iqbal khan PSO, Plant Pathology Division, BRRI	Nanoparticles as Next-Gen Weapons against Rice Pathogens.	23 Nov
Dr. Md. Kamruzzaman Milon SSO, FMPHT Division, BRRI	Assessing Future Heat Stress Effects on Boro Rice Cultivation in Northeastern Haor Region of Bangladesh.	30 Nov
Dr. Mosud Iqbal SSO, Soil Science Division, BRRI	Nutrient management under Conservation Agriculture (CA) in rice based cropping pattern.	07 Dec
Dr. Mir Nurul Hasan Mahmud SSO, IWM Division, Deputation TOC, BRRI	Precision Water Management Using Sensor and Internet of Things Based Smart Technologies for Climate-Resilient Rice Production in Bangladesh	14 Dec
Dr. Masuda Akter SSO, Soil Science Division, BRRI	Link between paddy soil mineral nitrogen release and iron and manganese reduction examined in a rice pot growth experiment	28 Dec

প্রকাশনা ও জনসংযোগ বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১ থেকে প্রকাশিত ও প্রচারিত।

ফোন: ৪৯২৭২০৬১, পিএবিএক্স: ৪৯২৭২০০৫, ৪৯২৭২০১০-১৫, ফ্যাক্স: ৮৮-০২-৪৯২৭২০০০

ই-মেইল: dg@brii.gov.bd, briihq@yahoo.com, ওয়েবসাইট: www.brii.gov.bd, www.knowledgebank-brii.org